



বাংলাদেশ নির্বাচন কমিশন
উপজেলা নির্বাচন আফিসারের কার্যালয়
নওগাঁ সদর, নওগাঁ

নতুন ভোটার হওয়ার জন্য করণীয়/প্রয়োজনীয় দলিলাদির বিবরণঃ

নতুন ভোটার হিসেবে অন্তর্ভুক্তির জন্য আবেদনকারীকে অনলাইনে (services.nidw.gov.bd) নিবন্ধন ফরম-২ যথাযথভাবে পূরণপূর্বক প্রিন্ট করতে হবে। প্রিন্টকৃত নিবন্ধন ফরম-২ এর ৩৪ ও ৩৫ নং ফিল্ডে শনাক্তকারী হিসেবে পিতা/মাতা/আইনানুগ অভিভাবকের NID নম্বর ও স্বাক্ষর প্রদান করতে হবে এবং ৪০, ৪১ ও ৪২ নং ফিল্ডে যাচাইকারী হিসেবে সংশ্লিষ্ট পৌর কাউন্সিলর/ইউপি সদস্যের নাম, NID নম্বর এবং সীলসহ স্বাক্ষর প্রদান করতে হবে। এরপর উক্ত নিবন্ধন ফরম-২ এর সহিত নিমোক্ত প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসে (সরকারী ছুটি ব্যতীত সপ্তাহের রবি, মঙ্গল, বৃহঃ বার সকাল ০৯:৩০ হতে দুপুর ০১:০০ ঘটিকা পর্যন্ত) জমা দিলে যাচাই-বাছাই ও শুনানী অন্তে নিবন্ধন/বায়োমেট্রিক (ছবি, স্বাক্ষর, আঙ্গুলের ছাপ ও আইরিশ) গ্রহণ করা হবে।

নিবন্ধন ফরম-২ এর সহিত যে সকল কাগজপত্র অফিসে জমা দিতে হবে তার বিবরণঃ

- ১। অনলাইন জন্ম নিবন্ধন সনদ
- ২। শিক্ষাগত যোগ্যতা/সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)
- ৩। মেয়র/চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র (মূলকপি)
- ৪। নাগরিকত্ব সনদ (মূলকপি)
- ৫। আবেদনকারীর পিতা-মাতা, স্বামী/স্ত্রীর জাতীয় পরিচয়পত্রের অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে)
- ৬। ইউটিলিটি বিল (বিদ্যুৎ/পানি/গ্যাস/টেলিফোন) এর অনুলিপি (সত্যায়িত)
- ৭। চৌকিদারী কর/পৌরকর/হোল্ডিং ট্যাক্স/বাড়ি ভাড়া রসিদের অনুলিপি (সত্যায়িত)
- ৮। রক্তের গ্রুপ পরিষ্কার রিপোর্ট এর অনুলিপি (সত্যায়িত)
- ৯। প্রবাসীদের ক্ষেত্রে পাসপোর্টের অনুলিপি {(সত্যায়িত) আবশ্যকীয়}
- ১০। দ্বৈতনামের প্রত্যয়ন/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট কোর্টের সম্পাদিত হলফনামা (প্রযোজ্য ক্ষেত্রে)
- ১১। নিকাহনামা/তালাকনামা এর অনুলিপি {(সত্যায়িত) প্রযোজ্য ক্ষেত্রে}

উপজেলা নির্বাচন অফিস, নওগাঁ সদর, নওগাঁ